প্রস্তাবিত ক্লাস অ্যাকশন নিষ্পত্তি ও ন্যায্যতা সংক্রান্ত শুনানির বিজ্ঞপ্তি

Sykes v. Mel S. Harris and Associates LLC, No. 09 Civ. 8486

ইউনাইটেড স্টেটস ডিস্ট্রিক্ট কোর্ট ফর দ্য সাউদার্ণ ডিস্ট্রিক্ট অফ নিউ ইয়র্ক (UNITED STATES DISTRICT COURT FOR THE SOUTHERN DISTRICT OF NEW YORK)

আপনি দেনা সংগ্রহকারী LR Credit এবং আইন সংস্থা Mel Harris এর সাথে একটি মামলার নিষ্পত্তি থেকে অর্থ পাওয়ার অধিকারী হতে পারেন।

অর্থ পাওয়ার জন্য আপনাকে অবশ্যই 7 এপ্রিল 2016 এর মধ্যে দাবির ফর্মটি পরিচালকের কাছে পাঠাতে হবে।

আপনি যদি এখন একটি LR Credit দেনায় অর্থ প্রদান করেন, তাহলে আপনার তা বন্ধ করা উচিত।

- এটি একটি ক্লাস অ্যাকশন মামলায় বিবাদীপক্ষের বিরুদ্ধে দাবিগুলির একটি প্রস্তাবিত নিষ্পত্তির বিজ্ঞপ্তি। নিষ্পত্তিটি অবশ্যই আদালত দ্বারা অনুমোদিত হতে হবে। একটি ফেডারাল আদালত এই বিজ্ঞপ্তিকে অনুমোদন দিয়েছে।
- মামলায় বিবাদীপক্ষ হল LR Credit এবং তার কয়েকটি সহযোগী: Mel S. Harris & Associates, LLC (“Mel Harris আইন সংস্থা”) এবং তার কয়েকটি সহযোগী ও কর্মীবৃন্দ; এবং Samserv Inc. এবং তার কয়েকজন অধ্যক্ষ ও কর্মী (একসাথে, "বিবাদীপক্ষ")।
- **আর্থিক নিষ্পত্তি:** বিবাদীপক্ষ যে উপভোক্তার দেনার অর্থ সংগ্রহের মামলাগুলিতে অন্যপক্ষের অনুপস্থিতিতে রায় পাওয়ার উদ্দেশ্যে স্টেট আদালতগুলিতে মিথ্যা হলফনামা জমা দেওয়ার মাধ্যমে আইন লংঘন করেছিলেন, এই দাবিগুলির নিষ্পত্তি করার জন্য বিবাদীপক্ষ একটি সেটলমেন্ট ফান্ড বা নিষ্পত্তি তহবিল তৈরি করতে সম্মত হয়েছে।
  - নিষ্পত্তিটি আদালত কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত না হওয়া পর্যন্ত, বিবাদীপক্ষ $54,492,500 এবং সংগৃহীত অতিরিক্ত অর্থ প্রদান করতে সম্মত হয়েছে। নভেম্বর 2015 পর্যন্ত মোট পরিমাণ ছিল আনুমানিক $59 মিলিয়ন। নিষ্পত্তির এই অংশটিকে বলা হয় "আর্থিক নিষ্পত্তি।"
  - পরিচালক **7 এপ্রিল 2016** এর মধ্যে যে সব ক্লাস মেম্বারদের দাবির ফর্মগুলি পাবেন, তারা আর্থিক নিষ্পত্তির কিছুটা পাওয়ার যোগ্য হবেন, যদি তারা অর্থ প্রদান করে থাকেন কিংবা তাদের রায়গুলি কোনো তৃতীয় পক্ষের কাছে বিক্রি করা হয়ে থাকে।
- **স্থগিতাদেশমূলক নিষ্পত্তি:** নিষ্পত্তিটি অনুমোদন করা হবে কিনা তা আদালত বিবেচনা করার সময়কালে, বিবাদীপক্ষ LR Credit-এর দেনাগুলির জন্য অর্থ সংগ্রহ করা বন্ধ রাখতেও সম্মত হয়েছে। আপনি যদি এখন LR Credit এর দেনার অর্থ পরিশোধ করেন, তাহলে আপনার এখন তা বন্ধ করা উচিত। যদি নিষ্পত্তিটি চূড়ান্তভাবে অনুমোদিত হয়, তাহলে LR Credit এর মালিকানাধীন দেনাগুলির জন্য অর্থ সংগ্রহ করা চিরতরে বন্ধ হয়ে যাবে এবং বাদীপক্ষ LR Credit দ্বারা প্রাপ্ত সব রায়গুলি বাতিল করতে চেষ্টা করার জন্য নিউ ইয়র্ক স্টেট আদালতগুলির সাথে কাজ করবে। বিবাদীপক্ষ তাদের ব্যবসার রীতিগুলির সংস্কার করতেও সম্মত হয়েছে। নিষ্পত্তির এই অংশটিকে বলা হয় "স্থগিতাদেশমূলক নিষ্পত্তি।"
- ***নিষ্পত্তির অধীনে আপনি যাতে কোনো অর্থ পেতে পারেন, সেই জন্য পরিচালককে অবশ্যই 7 এপ্রিল 2016 এর মধ্যে আপনার দাবির ফর্মটি পেতে হবে।***

ক্লাস মেম্বারদের জন্য এই নিষ্পত্তিটির মানে কী

- **7 এপ্রিল 2016** এর মধ্যে যে ক্লাস মেম্বারদের দাবির ফর্ম পাওয়া যাবে **তারা অর্থ পাওয়ার অধিকারী হতে পারেন।**
- **LR Credit এর প্রাপ্য দেনাগুলির জন্য অর্থ সংগ্রহ এখনকার মত বন্ধ রাখা হবে।** যদি নিষ্পত্তিটি অনুমোদিত হয়, তাহলে বর্তমানে LR Credit এর প্রাপ্য দেনাগুলির জন্য অর্থ সংগ্রহ করা চিরতরে বন্ধ হয়ে যাবে এবং বাদীপক্ষ LR Credit দ্বারা প্রাপ্ত সব রায়গুলি বাতিল করতে চেষ্টা করার জন্য নিউ ইয়র্ক স্টেট আদালতগুলির সাথে কাজ করবে।
- এই নিষ্পত্তি শুধুমাত্র সেই সব উপভোক্তা দেনাগুলির ওপর প্রযোজ্য হয়, যেগুলি LR Credit-কে (বা তার সহযোগীদের) পরিশোধ করা হয় নি, এবং আপনার পরিশোধনীয় অন্যান্য উপভোক্তা দেনাগুলির ওপর প্রযোজ্য হয় না।

এই নিষ্পত্তিতে আপনার আইনি অধিকার ও বিকল্পসমূহ		
আপনি যা করতে পারেন		চূড়ান্ত তারিখ
একটি দাবির ফর্ম জমা দেওয়া	**আপনি যদি যোগ্য হন, তাহলে নিষ্পত্তিটি থেকে অর্থ পাওয়ার এটাই হল আপনার একমাত্র উপায়।** পরিচালকের কাছে একটি দাবির ফর্ম জমা দেওয়ার মাধ্যমে, আপনি যোগ্য হলে একটি অর্থ পাওয়ার অধিকারী হতে পারেন। তবে LR Credit এর হয়ে বিবাদীপক্ষের দেনার অর্থ সংগ্রহের কাজকর্মগুলির পরিপ্রেক্ষিতে তাদের বিরুদ্ধে পরবর্তীকালে কোনো দাবি জানানোর আইনি অধিকার আপনি পরিত্যাগ করবেন।	**অবশ্যই গৃহীত হতে হবে: 7 এপ্রিল, 2016**
নিজেকে এর বাইরে রাখা (Opt Out) এবং অর্থ না পাওয়া	**আপনি নিষ্পত্তিটি থেকে কোনো অর্থ পাবেন না।** আপনি একমাত্র এইভাবেই বিবাদীপক্ষের থেকে ক্ষতিপূরণের *অর্থ* উদ্ধার করার জন্য অন্য যে কোনো মামলার অংশ হতে পারবেন। আপনি যদি নিজেকে এর বাইরে রাখেন, এমনকি তাহলেও আপনি (a) স্থগিতাদেশমূলক নিষ্পত্তির অংশ হবেন এবং (b) *স্থগিতাদেশমূলক* ত্রাণের জন্য বিবাদীপক্ষের বিরুদ্ধে আরেকটি মামলা আনতে পারবেন না। "নিজেকে এর বাইরে রাখার" সব অনুরোধ অবশ্যই লিখিতভাবে করতে হবে এবং 14 এপ্রিল 2016 এর মধ্যে গৃহীত হতে হবে। *আপনি যদি নিজেকে এর বাইরে রাখেন, তাহলে আপনি কোনো অর্থ পাবেন না।*	**অবশ্যই গৃহীত হতে হবে: 14 এপ্রিল, 2016**
নিষ্পত্তিতে আপত্তি জানানো	**আপনি এরপরেও একজন ক্লাস মেম্বার থেকে যাবেন, কিন্তু নিষ্পত্তির এমন কোনো অংশ যা আপনার পছন্দ নয়, সেই ব্যাপারে আপনি আদালতকে লিখতে পারেন।** আপনি নিষ্পত্তির ব্যাপারে আপনার আপত্তি সম্পর্কে আদালতে ন্যায্যতা সংক্রান্ত শুনানিতেও বক্তব্য রাখতে চাইতে পারেন। আপনি যদি আপত্তি জানান, তাহলেও আপনাকে নিষ্পত্তির তহবিল থেকে অর্থ পাওয়ার জন্য অবশ্যই একটি দাবির ফর্ম জমা দিতে হবে। আপনি যদি নিজেকে নিষ্পত্তির বাইরে রাখেন (ওপরে দেখুন), তাহলে আপনি আর্থিক নিষ্পত্তিতে আপত্তি জানাতে পারবেন না, কিন্তু আপনি এরপরেও স্থগিতাদেশমূলক নিষ্পত্তির যে কোনো অংশে আপত্তি জানাতে পারবেন।	**অবশ্যই গৃহীত হতে হবে: 14 এপ্রিল, 2016**
কিছু না করা	**আপনি নিষ্পত্তি থেকে কোনো অর্থ পাবেন না, এবং বিবাদীপক্ষের দেনার জন্য অর্থ সংগ্রহের কাজকর্মগুলির পরিপ্রেক্ষিতে তাদের বিরুদ্ধে মামলা করার জন্য আপনার সব আইনি অধিকার আপনি পরিত্যাগ করবেন।** আপনি যদি কিছুই না করেন তাসত্ত্বেও, যদি নিষ্পত্তিটি অনুমোদিত হয়, তাহলে LR Credit এর প্রাপ্য দেনাগুলির জন্য অর্থ সংগ্রহ করা চিরতরে বন্ধ হয়ে যাবে, এবং আপনি নিষ্পত্তির স্থগিতাদেশমূলক ত্রাণ পাবেন।	**প্রযোজ্য নয়**

- এই মামলার দায়িত্বে থাকা আদালতকে এরপরেও সিদ্ধান্ত নিতে হবে যে নিষ্পত্তিটি অনুমোদন করা হবে কিনা। আদালত যদি নিষ্পত্তিটি অনুমোদন করে শুধুমাত্র তাহলেই, এবং যে কোনো আপীলের মীমাংসা হওয়ার পরেই অর্থপ্রদান করা হবে। শুধুমাত্র নিষ্পত্তিটি চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পরেই, বর্তমানে LR Credit এর প্রাপ্য দেনাগুলির জন্য অর্থ সংগ্রহ করা চিরতরে বন্ধ হয়ে যাবে, এবং বাদীপক্ষ অন্যপক্ষের অনুপস্থিতিতে দেওয়া রায়গুলি বাতিল করাতে চাইবে।

প্রাথমিক তথ্য

1. কারা এই বিজ্ঞপ্তিটি পেয়েছিলেন?

এই বিজ্ঞপ্তিটি সর্বজনীনভাবে পোস্ট করা হয়েছিল। ক্লাস মেম্বার হলেন সেই সব মানুষ, যাদের কখনও LR Credit-কে পরিশোধনীয় কোনো দেনা ছিল, এমনকি যদি LR Credit পরবর্তীকালে সেই দেনাটি অন্য একজন দেনা সংগ্রহকারীর কাছে বিক্রি করে থাকে তাহলেও। এই মামলায় আদালত এই বিজ্ঞপ্তিটি অনুমোদন করেছিল, যাতে ক্লাস মেম্বারদের অবহিত করা যায় (a) যে বাদীপক্ষ ও বিবাদীপক্ষ একটি প্রস্তাবিত নিষ্পত্তিতে পৌঁছেছিল, এবং (b) নিষ্পত্তিটি অনুমোদন করা হবে কিনা আদালত সেই সিদ্ধান্ত নেওয়ার আগে তাদের সব বিকল্পগুলি তাদেরকে জানানো যায়। আদালত যদি নিষ্পত্তিটি অনুমোদন করে, এবং যে কোনো আপত্তি ও আপীলগুলি সম্পন্ন হওয়ার পরে, সেই সব যোগ্যতাসম্পন্ন ক্লাস মেম্বারদেরকে ডাকযোগে অর্থ পাঠানো হবে যাদের দাবির ফর্মগুলি **7 এপ্রিল 2016** এর মধ্যে গৃহীত হয়েছে, এবং এরপরেও LR Credit এর প্রাপ্য দেনাগুলির জন্য অর্থ সংগ্রহ চিরতরে বন্ধ হয়ে যাবে।

এই বিজ্ঞপ্তিটি মামলা, নিষ্পত্তি, ক্লাস মেম্বারদের আইনি অধিকারগুলি এবং কী কী লাভ পাওয়া যায় তা ব্যাখ্যা করে। এই মামলার তত্বাবধানকারী হল ইউনাইটেড স্টেটস ডিস্ট্রিক্ট কোর্ট ফর দ্য সাউদার্ণ ডিস্ট্রিক্ট অফ নিউ ইয়র্ক (United States District Court for the Southern District of New York)। এই মামলাটি *Sykes v. Mel S. Harris and Associates LLC*, No. 09 Civ. 8486 হিসেবে পরিচিত।

2. এই মামলাটি কী বিষয়ে?

বিবাদীপক্ষ নিউ ইয়র্কের মানুষদের থেকে অযথাযথভাবে দেনার অর্থ সংগ্রহ করেছিল কিনা, এই মামলাটি সেই বিষয়ে। বাদীপক্ষ অভিযোগ করেন যে বিবাদীপক্ষ দেনার অর্থ সংগ্রহের মামলাগুলি দায়ের করা, অন্যপক্ষের অনুপস্থিতিতে রায় পাওয়া এবং তারপরে সেই রায়ের ভিত্তিতে অর্থ সংগ্রহ করার জন্য প্রতারণামূলক রীতি ব্যবহার করেছিলেন। সুনির্দিষ্টভাবে বাদীপক্ষ অভিযোগ করছে যে (a) বিবাদীপক্ষ ক্লাস মেম্বারদের কখনও মামলাগুলির বিজ্ঞপ্তি দেয় নি; (b) বিবাদীপক্ষ আদালতের কাছে হলফ করে বিবৃতি দিয়েছিল যে ক্লাস মেম্বারদের বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল, যেখানে আসলে তা দেওয়া হয় নি; (c) বিবাদীপক্ষ আদালতের কাছে হলফ করে বিবৃতি দিয়েছিল যে তারা জানত যে বাদীপক্ষের একটি পরিশোধনীয় দেনা ছিল, যদিও বিবাদীপক্ষ জানত না যে কোনো দেনা পরিশোধনীয় ছিল কিনা; (d) বিবাদীপক্ষের মিথ্যা বিবৃতির ওপর নির্ভর করে আদালতগুলি বাদীপক্ষের বিরুদ্ধে রায় দিয়েছিল; এবং (e) বিবাদীপক্ষ বাদীপক্ষের ব্যাংক অ্যাকাউন্টগুলিকে বাজেয়াপ্ত করা এবং দেনা আদায়ের জন্য তাদের বেতন নিয়ে নেওয়া ও অন্যান্য উপায়ের দ্বারা বাদীপক্ষের থেকে অর্থ সংগ্রহ করার জন্য সেই রায়গুলিকে ব্যবহার করেছিল। বাদীপক্ষ অভিযোগ করেছে যে এই কাজকর্মগুলি ফেডারাল Fair Debt Collection Practices Act (“FDCPA”), ফেডারাল Racketeer Influenced and Corrupt Organizations Act (“RICO”), New York General Business Law § 349, এবং (Mel Harris Law Firm বিবাদীপক্ষের জন্য, যারা হল অ্যাটর্নি) New York Judiciary Law § 487 লংঘন করেছিল। বিবাদীপক্ষ অস্বীকার করে যে তারা কোনো ভুল কাজে যুক্ত হয়েছিল। আদালত সিদ্ধান্ত নেয় নি যে বাদীপক্ষের দাবিতে কোনো সারবত্তা আছে কিনা।

3. এটি একটি ক্লাস অ্যাকশন কেন?

ক্লাস অ্যাকশনে, একজন বা তার বেশি মানুষ ("ক্লাস প্রতিনিধি" বা "প্রধান বাদীপক্ষ" বলা হয়) একটি মামলা দায়ের করেন এবং অনুরূপ দাবি থাকা সব মানুষের পক্ষে মামলা করার জন্য তারা আদালত দ্বারা নিযুক্ত হন। এখানে প্রধান বাদীপক্ষ হলেন Monique Sykes, Rea Veerabadren, Kelvin Perez, ও Clifton Armoogam। অনুরূপ দাবি আছেন এমন সব মানুষকে সম্মিলিতভাবে একটি "ক্লাস" বলা হয় এবং প্রত্যেক ব্যক্তি হলেন একজন "ক্লাস মেম্বার"। একটি আদালত সব ক্লাস মেম্বারদের জন্য বিষয়গুলি স্থির করে - ব্যতিক্রম হলেন সেই ব্যক্তিরা যারা নিজেদেরকে ক্লাসের বাইরে রেখেছেন। এই ক্ষেত্রে, ক্লাস মেম্বাররা নিজেদেরকে আর্থিক নিষ্পত্তির বাইরে রাখার সিদ্ধান্ত নিতে পারেন, কিন্তু স্থগিতাদেশমূলক নিষ্পত্তির বাইরে নয়।

4. নিষ্পত্তি করা হচ্ছে কেন?

আদালত বাদীপক্ষ বা বিবাদীপক্ষের অনুকূলে সিদ্ধান্ত নেয় নি। বাদীপক্ষ ও বিবাদীপক্ষ উভয়ই বিশ্বাস করে যে তারা মামলাটিতে জয়ী হতে পারত, কিন্তু কোনো পক্ষের অনুকূলেই কোনো সিদ্ধান্ত নেওয়া হয় নি। তার পরিবর্তে, বাদীপক্ষ ও বিবাদীপক্ষ একটি নিষ্পত্তির বিষয়ে সম্মত হয়েছে। তারা এইভাবে বিচার প্রক্রিয়ার খরচ ও বিলম্ব এড়াতে পারেন। প্রধান বাদীপক্ষ ও তাদের আইনজীবীরা মনে করেন যে সব ক্লাস মেম্বারদের জন্য নিষ্পত্তিই সবচেয়ে ভাল।

কারা নিষ্পত্তি ও মামলায় আছে?

5. বিবাদীপক্ষ কারা?

বিবাদীপক্ষের তিনটি দল আছে:

LR Credit বিবাদীপক্ষ (দেনার ক্রেতা): LR Credit, LLC, LR Credit 10, LLC, LR Credit 14, LLC, LR Credit 18, LLC, LR Credit 21, LLC, এবং LR Credit-এর অন্যান্য সহযোগী, LLC (LR Credit 1, LLC থেকে LR Credit 23, LLC পর্যন্ত অন্তর্ভুক্ত) (সম্মিলিতভাবে, "LR Credit"), L-Credit, LLC, Leucadia National Corporation, Joseph A. Orlando ও Philip M. Cannella।

Mel Harris বিবাদীপক্ষ (আইন সংস্থা): Mel S. Harris & Associates, LLC, Mel S. Harris, Michael Young, David Waldman, Kerry Lutz, ও Todd Fabacher।

Samserv বিবাদীপক্ষ (প্রসেস সার্ভিং এজেন্সি): Samserv, Inc., William Mlotok, Benjamin Lamb, Michael Mosquera, ও John Andino।

6. নিষ্পত্তির জন্য ক্লাস মেম্বার কারা?

এই নিষ্পত্তির প্রসঙ্গে দুটি নিষ্পত্তি ক্লাস আছে।

1. **স্থগিতাদেশমূলক নিষ্পত্তি ক্লাস-এ** সেই সব প্রতিটি মানুষ অন্তর্ভুক্ত, যাদের বিরুদ্ধে Mel S. Harris & Associates, LLC (অথবা Mel S. Harris & Associates, LLC এর নির্দেশ অনুযায়ী অন্য কোনো কাউন্সেল), LR Credit এর কাউন্সেল হিসেবে নিউ ইয়র্কের কোনো আদালতে মামলা করতে পারত। যে ব্যক্তিদের পরিশোধনীয় দেনা LR Credit এর অধীনে আছে বা ছিল, তারা প্রত্যেকে স্থগিতাদেশমূলক নিষ্পত্তি ক্লাস-এর অংশ, তিনি কখনও LR Credit-কে (বা তার কোনো সহযোগীকে) কোনো অর্থ প্রদান করে থাকুন বা না থাকুন।

2. **আর্থিক নিষ্পত্তি ক্লাস-এ** সেই সব প্রতিটি মানুষ অন্তর্ভুক্ত, যাদের বিরুদ্ধে Mel S. Harris & Associates, LLC (অথবা Mel S. Harris & Associates, LLC এর নির্দেশ অনুযায়ী অন্য কোনো

কাউন্সেল) LR Credit এর কাউন্সেল হিসেবে নিউ ইয়র্কের কোনো আদালতে মামলা করেছিল, এবং যাদের বিরুদ্ধে অন্যপক্ষের অনুপস্থিতিতে একটি রায় পাওয়া গিয়েছিল। আর্থিক নিষ্পত্তি ক্লাস-এর সব সদস্য স্থগিতাদেশমূলক নিষ্পত্তি ক্লাস-এরও অংশ।

যে কোনো একটি নিষ্পত্তি ক্লাসের যে সব সদস্য বিবাদীপক্ষকে অর্থ প্রদান করেছিলেন অথবা যাদের রায় কোনো তৃতীয় পক্ষের কাছে বিক্রি করা হয়েছিল, তারা যদি যথাসময়ে দাবির ফর্ম জমা দেন তাহলে তারা আর্থিক নিষ্পত্তির একটি অংশ পাওয়ার অধিকারী হতে পারেন।

7. আমি নিষ্পত্তির অংশ কিনা তা আমি কীভাবে জানতে পারি?

আপনার যদি অতীতে কখনও একটি পরিশোধনীয় দেনা থাকে যেটি LR Credit এর অধীনে ছিল, এমনকি যদি LR Credit পরবর্তীকালে সেই দেনাটি অন্য কোনো দেনা সংগ্রাহকের কাছে বিক্রি করে থাকে তাহলেও, আপনি স্থগিতাদেশমূলক নিষ্পত্তি ক্লাস-এর অংশ। LR Credit যদি কখনও আপনার অনুপস্থিতিতে আপনার বিরুদ্ধে রায় পেয়ে থাকে, তাহলে আপনি আর্থিক নিষ্পত্তি ক্লাস-এর অংশ হবেন, এমনকি যদি সেই রায়টি পরবর্তীকালে বাতিল করা হয়ে থাকে অথবা অন্য কোনো দেনা সংগ্রাহকের কাছে বিক্রি করে থাকে তাহলেও। আপনি ক্লাস মেম্বার কিনা সেই বিষয়ে অনিশ্চিত হলে, www.sykesclassaction.com দেখুন অথবা (877) 868-0034 নম্বরে পরিচালকের সঙ্গে যোগাযোগ করুন।

নিষ্পত্তির লাভ - আপনি যা পান

8. নিষ্পত্তি কী প্রদান করে?

বিবাদীপক্ষ দুই প্রকারের ত্রাণ দিতে সম্মত হয়েছে:

অর্থ:

LR Credit বিবাদীপক্ষ $46 মিলিয়ন প্রদান করবে।

Mel Harris বিবাদীপক্ষ $7.975 মিলিয়ন প্রদান করবে।

Samserv বিবাদীপক্ষ $517,500 মিলিয়ন প্রদান করবে।

LR Credit বিবাদীপক্ষ ও Mel Harris বিবাদীপক্ষ নিষ্পত্তির তারিখের পর থেকে সংগৃহীত ফান্ড দেনা সংগ্রহের অর্থের সাথে আরো অর্থ যোগ করতেও সম্মত হয়েছে, এবং আদালত নিষ্পত্তির অনুমোদন বিবেচনা করার সময়কালে অতিরিক্ত দেনা সংগ্রহের অর্থ অনুদান দেওয়া চালিয়ে যাবে।

সব মিলিয়ে বিবাদীপক্ষ $54,492,500 প্রদান করবে, এছাড়াও অতিরিক্ত সংগৃহীত দেনার অর্থ প্রদান করবে। নভেম্বর 2015 পর্যন্ত মোট পরিমাণ ছিল আনুমানিক $59 মিলিয়ন।

স্থগিতাদেশমূলক ত্রাণ:

নিষ্পত্তিটি অনুমোদন করা হবে কিনা সেই বিষয়ে আদালত সিদ্ধান্ত নেওয়ার সময়কালে, LR Credit বিবাদীপক্ষ LR Credit দেনাগুলির অর্থ সংগ্রহ করা বন্ধ রাখতে সম্মত হয়েছে। যদি নিষ্পত্তিটি চূড়ান্তভাবে অনুমোদিত হয়, তাহলে LR Credit তার অধীনস্থ সব দেনাগুলি বাদীপক্ষের দ্বারা বেছে নেওয়া কোনো 'লাভের-উদ্দেশ্যহীন' সংস্থার কাছে হস্তান্তর করবে। 'লাভের-উদ্দেশ্যহীন' সংস্থাটি সমস্ত সংগ্রহ বন্ধ করে দেবে এবং আপনার প্রতি একটি উপহার হিসেবে দেনাটি মকুব করে দেবে। বাদীপক্ষ সব রায়গুলি বাতিল করানোর চেষ্টা করার জন্য নিউ ইয়র্ক স্টেট আদালতগুলির সঙ্গেও কাজ করবে। LR Credit দেনাগুলিকে বাতিল বা মকুব করতে LR Credit সম্মত হয় নি। এছাড়াও, LR Credit আর কোনো উপভোক্তা দেনা ক্রয় করবে না।

Mel Harris আইন সংস্থাটি বন্ধ হয়ে গেছে, অর্থাৎ এটি আর কোনো LR Credit দেনার অর্থ সংগ্রহ করবে না। এছাড়াও, স্বতন্ত্র Mel Harris বিবাদীরা আর কোনো উপভোক্তা দেনা ক্রয় করবে না অথবা ইতিমধ্যেই তাদের অধীনে থাকা কোনো উপভোক্তা দেনার বিষয়ে অন্যপক্ষের অনুপস্থিতিতে রায় চাইবে না।

Samserv বিবাদীপক্ষ উপভোক্তা দেনার মামলাগুলিতে তাদের কয়েকটি প্রসেস সার্ভিং রেকর্ডকে ক্লাস কাউন্সেল এবং কিছু কনজিউমার ক্লিনিকের কাছে লভ্য করতে সম্মত হয়েছে; প্রসেস সার্ভারদের পরিষেবা প্রদানের অসফল প্রচেষ্টার জন্য সফল প্রচেষ্টার মতো একই হারে অর্থ প্রদান করতে সম্মত হয়েছে; Samserv উপভোক্তার দেনার অর্থ সংগ্রহের মামলাগুলিতে প্রসেস সার্ভিং না করতে সম্মত হয়েছে; এবং বিবাদীপক্ষের যে সব প্রসেস সার্ভাররা নিউ ইয়র্ক সিটিতে প্রসেস সার্ভিং করেন, তারা একটি সম্মত হওয়া সময়কালের জন্য তাদের প্রসেস সার্ভিং রেকর্ডগুলিতে পরিষেবার অবস্থানের বিস্তারিত বিবরণ অন্তর্ভুক্ত করতে সম্মত হয়েছে।

9. ক্লাস মেম্বারদের অর্থ দেওয়ার আগে নিষ্পত্তি থেকে কী কী খরচ কেটে নেওয়া হবে?

যদি আদালত নিষ্পত্তিটিকে অনুমোদন করে, তাহলে যোগ্যতাসম্পন্ন ক্লাস মেম্বারদের কাছে অর্থ লভ্য হওয়ার আগে নিষ্পত্তির তহবিল থেকে তিন শ্রেণীর খরচ কেটে নেওয়া হবে:

- পরিচালকের খরচগুলি এবং অবিলম্বে সংগ্রহ বন্ধ করার জন্য নতুন আইন সংস্থা Stephen Einstein & Associates, P.C.-কে নিয়োগ করার খরচ সহ, নিষ্পত্তিটি পরিচালনা ও/বা কার্যপ্রয়োগ করা এবং সংগ্রহ বন্ধ করার জন্য সব ফী ও খরচগুলি, শুধু ব্যতিক্রম হল ক্লাস মেম্বারদের বিজ্ঞপ্তি প্রদানের খরচ (যা প্রধানত LR Credit কর্তৃক পৃথকভাবে পরিশোধ করা হবে);
- প্রধান বাদীপক্ষ যে ঝুঁকি নিয়েছিলেন তার জন্য এবং এই মামলাটি আনার মাধ্যমে ক্লাসের প্রতি তাদের পরিষেবার জন্য তাদেরকে ক্ষতিপূরণ দেওয়ার জন্য সার্ভিস অ্যাওয়ার্ড। ক্লাস কাউন্সেল আদালতকে বলবেন চারজন প্রধান বাদীর প্রত্যেককে $30,000 অর্থপ্রদান অনুমোদন করতে; এবং
- আইনজীবীর পারিশ্রমিক এবং ক্লাস কাউন্সেলকে প্রদান করা খরচ (নিচের প্রশ্ন 19 *দেখুন*)। আইনজীবীর পারিশ্রমিক ও খরচগুলি পরিচালনার খরচ ও সার্ভিস অ্যাওয়ার্ড বিয়োগ করার পরে নিষ্পত্তির মোট তহবিলের এক-তৃতীয়াংশের বেশি হবে না।

আদালত এই পরিমাণের চেয়ে কম অর্থও প্রদান করতে পারে।

10. নিষ্পত্তির তহবিলটি কীভাবে ক্লাস মেম্বারদের মধ্যে ভাগ করা হবে?

আদালত দ্বারা প্রাথমিকভাবে অনুমোদিত সূত্রের ভিত্তিতে, নিষ্পত্তি তহবিলের অর্থ (যার মধ্যে থেকে পরিচালনার খরচগুলি, প্রধান বাদীদের সার্ভিস অ্যাওয়ার্ড এবং আইনজীবীদের ফী ও খরচগুলি ওপরের বর্ণনা অনুযায়ী পরিশোধ করা হবে) সেই সব ক্লাস মেম্বারদের মধ্যে ভাগ করা হবে, যাদের কাছ থেকে অর্থ সংগ্রহ করা হয়েছিল কিংবা যাদের রায় বিক্রি করা হয়েছিল – **তবে শুধুমাত্র যদি সেই ক্লাস মেম্বাররা নিজেদেরকে ক্লাসের বাইরে না রাখেন এবং একটি দাবির ফর্ম জমা দেন, যেটি 7 এপ্রিল 2016 এর মধ্যে পরিচালক দ্বারা গৃহীত হতে হবে।**

প্রত্যেক যোগ্যতাসম্পন্ন ক্লাস মেম্বার যে পরিমাণ অর্থ পাবেন তা নির্ভর করবে এই বিষয়গুলির ওপরে, (a) বিবাদীপক্ষ ক্লাস মেম্বারের কাছ থেকে কত অর্থ পেয়েছিলেন, (b) একজন ক্লাস মেম্বারের দাবিগুলি সীমাবদ্ধতার প্রযোজ্য বিধিসমূহের ভিত্তিতে সময়োপযোগী কিনা, (c) LR Credit ক্লাস মেম্বারের বিরুদ্ধে তাদের অনুপস্থিতিতে আদালতের রায় পেয়েছিল কিনা, (d) LR Credit এখনও ক্লাস মেম্বারের রায় বা দেনার মালিক কিনা, এবং (e) কতজন লোক বৈধ ও সময়োপযোগী দাবির ফর্ম জমা দিয়েছেন। বন্টনের পরিকল্পনায় অর্থ ভাগ করার জন্য সঠিক পরিকল্পনাটি অন্তর্ভুক্ত আছে। আপনি www.sykesclassaction.com/PlanofAllocation থেকে অথবা পরিচালকের সঙ্গে যোগাযোগ করে বন্টনের

পরিকল্পনাটি পেতে পারেন। আদালত পরবর্তী কোনো বিজ্ঞপ্তি ছাড়াই সূত্রটি পরিবর্তন করতে পারে।

শুধু যে ক্লাস মেম্বারদের থেকে অর্থ সংগ্রহ করা হয়েছিল বা যাদের রায় বিক্রি করা হয়েছিল তারাই অর্থ পাওয়ার যোগ্য হবেন।

11. নিষ্পত্তিটি যদি অনুমোদিত হয়, তাহলে আমি এটা থেকে কী পাব?

শুধু যে ক্লাস মেম্বারদের থেকে অর্থ সংগ্রহ করা হয়েছিল বা যাদের রায় বিক্রি করা হয়েছিল, এবং যারা একটি দাবির ফর্ম ফেরত পাঠিয়েছেন, তারা **কমপক্ষে $100** এবং সম্ভবত আরো অনেক বেশি পাবেন। **আপনি যে অর্থরাশি পাবেন তা নির্ভর করবে কয়েকটি বিষয়ের ওপরে, যার অন্তর্ভুক্ত হল কতজন মানুষ বৈধ ও সময়োপযোগী দাবির ফর্ম জমা দেন।**

সব ক্লাস মেম্বারদের *তাদের জন্য সুনির্দিষ্ট* একটি বিজ্ঞপ্তি ডাকযোগে পাওয়া উচিত, যা ব্যাখ্যা করে: (1) আপনার কাছে থেকে বিবাদীপক্ষের সংগৃহীত অর্থরাশির পরিমাণ; (2) আপনার রায় বা অ্যাকাউন্ট বিক্রি করা হয়েছিল কিনা; এবং (3) আপনি যদি যথাসময়ে একটি দাবির ফর্ম জমা দেন তাহলে আপনি যে পরিমাণ অর্থ পেতে পারেন। আপনি যদি মনে করেন যে আপনি একজন ক্লাস মেম্বার, কিন্তু এই বিজ্ঞপ্তিটি না পেয়ে থাকেন, তাহলে (877) 868-0034 নম্বরে পরিচালককে ফোন করুন।

নিষ্পত্তি থেকে অর্থপ্রদান প্রয়োজন-ভিত্তিক সরকারী সুবিধাগুলির জন্য আপনার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে, যেমন সরকারী সহায়তা ও SSI। আপনি যদি এই সুবিধাগুলি পান এবং আরো তথ্য পেতে চান, তাহলে www.sykesclassaction.com/FAQ দেখুন।

এছাড়াও, **আপনি যদি দাবির ফর্ম জমা না দেন এমনকি তাহলেও,** নিষ্পত্তিটি চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পরে LR Credit তার অধীনস্থ সব দেনাগুলি বাদীপক্ষের দ্বারা বেছে নেওয়া কোনো 'লাভের-উদ্দেশ্যহীন' সংস্থার কাছে হস্তান্তর করবে। 'লাভের-উদ্দেশ্যহীন' সংস্থাটি সমস্ত সংগ্রহ বন্ধ করে দেবে এবং আপনার প্রতি একটি উপহার হিসেবে দেনাটি মকুব করে দেবে। স্টেট আদালত যে শর্তাদিকে যুক্তিযুক্ত বলে বিবেচনা করবেন সেগুলি অনুযায়ী, CPLR § 5015(c) এর অধীনে **একটি বিশেষ কার্যপ্রক্রিয়ার মাধ্যমে বাদীপক্ষ রায়গুলিকে বাতিল করতে চেষ্টা করার জন্য নিউ ইয়র্ক স্টেট আদালতগুলির সাথেও কাজ করবে।** রায়গুলিকে বাতিল করার প্রচেষ্টা সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে www.sykesclassaction.com/FAQ দেখুন।

ক্লাস কাউন্সেল বা বিবাদীপক্ষ কেউই এই নিষ্পত্তি বা এতে অংশগ্রহণের ট্যাক্স সংক্রান্ত পরিণামগুলির বিষয়ে কোনো প্রতিনিধিত্ব করে না, এবং এই বিজ্ঞপ্তিতে সাড়া দিয়ে কোনো পদক্ষেপ নেওয়ার আগে আপনাকে আপনার নিজের ব্যক্তিগত কর সংক্রান্ত পরামর্শ চাওয়ার উপদেশ দেওয়া হচ্ছে।

12. নিষ্পত্তিটি যদি অনুমোদিত হয়, তাহলে আমি কী কী ত্যাগ করব?

আপনি যদি আর্থিক নিষ্পত্তি থেকে নিজেকে সরিয়ে না নেন (প্রশ্ন 16 *দেখুন*), তাহলে আপনি LR Credit-এর দেনার অর্থ সংগ্রহের কাজকর্মগুলির থেকে উদ্ভূত আর্থিক ক্ষতির জন্য বিবাদীপক্ষের (অথবা কোনো সম্পর্কযুক্ত সত্তা বা ব্যক্তি) বিরুদ্ধে আপনার নিজস্ব মামলা দায়ের করার অধিকার আপনি পরিত্যাগ করবেন। আদালতের সব আদেশ আপনার ওপর প্রযোজ্য হবে এবং আপনি আইনত বাধ্য থাকবেন।

নিষ্পত্তির দ্বারা মুক্ত হওয়া দাবিগুলি এবং এর দ্বারা মুক্ত হওয়া ব্যক্তি ও সত্তাগুলিকে নিষ্পত্তির চুক্তিতে বর্ণনা করা আছে। মুক্তি হল আর্থিক নিষ্পত্তির একটি খুব গুরুত্বপূর্ণ অংশ, এবং আপনি যদি নিজেকে আর্থিক নিষ্পত্তির বাইরে না রাখেন এবং নিষ্পত্তিটি আদালত দ্বারা চূড়ান্তভাবে অনুমোদিত হয়, তাহলে আপনি মুক্তির সব শর্তাবলী দ্বারা আবদ্ধ থাকবেন। মুক্তিটি খুবই প্রশস্ত এবং প্রধান বাদীপক্ষের দ্বারা দায়ের করা অভিযোগে উল্লিখিত তথ্যাবলী থেকে উদ্ভূত সব দাবিগুলির ওপর প্রযোজ্য হয়, যেগুলি "মুক্তি"র সংজ্ঞায় অন্তর্ভুক্ত ব্যক্তি ও সত্তাগুলির বিরুদ্ধে দৃঢ়ভাবে ঘোষণা করা হয়েছে অথবা করা

হতে পারত। "মুক্তি" শব্দটিতে শুধুমাত্র বাদীপক্ষই অন্তর্ভুক্ত নয়, তাদের সাথে সম্পর্কযুক্ত সব ব্যক্তি ও সত্তাগুলিও (উদাহরণ স্বরূপ, তাদের নির্দেশক, অফিসার, কর্মী, সদস্য, এজেন্ট, আইনজীবী ও প্রতিনিধিরা সহ) অন্তর্ভুক্ত। **যে কোম্পানিগুলি LR Credit-এর কাছ থেকে দেনা ক্রয় করেছিল সেগুলিকে মুক্ত করা হয় *না*।** পূর্ণ মুক্তির একটি প্রতিলিপি (প্রাসঙ্গিক সংজ্ঞাগুলি সহ) পাওয়া যায় www.sykesclassaction/release এ। আপনি যদি নিজেকে এর বাইরে না রাখেন, তাহলে আপনি মামলা করতে পারেন না, মামলা করা চালিয়ে যেতে পারেন না, অথবা বিবাদীপক্ষের (বা যাদের মুক্ত করা হয়েছে) বিরুদ্ধে অন্য এমন কোনো মামলার অংশ হতে পারেন না যেটির সাথে মুক্ত করা কোনো দাবি জড়িত আছে। **আপনার যদি এমন কোনো মামলা অমীমাংসিত থাকে যেটিতে কোনো বিবাদী যুক্ত আছেন, সেই ক্ষেত্রে আপিনার অবিলম্বে আপনার আইনজীবীর সঙ্গে কথা বলা উচিত, যাতে দেখা যায় যে এই নিষ্পত্তিটি আপনার অন্য মামলাকে প্রভাবিত করবে কিনা।**

নিষ্পত্তিতে আরো অনুরোধ করা হয় যাতে আদালত মুক্তি দেওয়া একটি দাবির সাথে সম্পর্কিত কোনো আঘাতের জন্য মুক্তি দেওয়া ব্যক্তিদের বিরুদ্ধে কোনো ব্যক্তির দ্বারা মামলা করাকে নিষিদ্ধ করে "নিষেধাজ্ঞা আদেশ" প্রদান করে।

এছাড়াও, নিষ্পত্তিটি একবার অনুমোদিত হয়ে যাওয়ার পরে, আপনি বিবাদীপক্ষের দ্বারা LR Credit দেনাগুলির অর্থ সংগ্রহ করার ফলস্বরূপ স্থগিতাদেশমূলক ত্রাণের জন্য তাদের বিরুদ্ধে কোনো মামলা করতে পারবেন না।

আপনার দেনাটি যদি বিক্রি করা হয়ে থাকে, সেই ক্ষেত্রে যে কোম্পানিটি LR Credit-এর কাছ থেকে আপনার দেনাটি ক্রয় করেছিল সেটির বিরুদ্ধে একটি মামলা করার জন্য আপনার অধিকারকে নিষ্পত্তিটি প্রভাবিত করে না।

13. নিষ্পত্তিটি যদি অনুমোদিত না হয়, তাহলে কী হয়?

যদি নিষ্পত্তিটি অনুমোদিত না হয়, তাহলে কেউ নিষ্পত্তি থেকে কোনো অর্থ পাবে না, LR Credit তার অধীনস্থ দেনাগুলিকে বাদীপক্ষ দ্বারা নির্বাচিত কোনো সত্তার কাছে হস্তান্তর করবে না, এবং বাদীপক্ষ সব রায়গুলিকে বাতিল করার চেষ্টা করার জন্য নিউ ইয়র্ক স্টেট আদালতগুলির সাথে কাজ করতে পারবে না। LR Credit-এর পুনরায় সংগ্রহ শুরু করার অধিকারও থাকবে, কিন্তু আদালত নিষ্পত্তিটি বিবেচনা করার সময়কালে কোনো সুদ প্রযোজ্য হবে না। মামলাটি চলবে।

কীভাবে অর্থ পাওয়া যায়

14. আমি কীভাবে আমার অর্থ পেতে পারি?

নিচের ঠিকানায় ফর্মটি ডাকযোগে পাঠানোর মাধ্যমে আপনাকে অবশ্যই একটি দাবির ফর্ম পরিচালকের কাছে জমা দিতে হবে, যেটি 7 এপ্রিল 2016 এর মধ্যে গৃহীত হতে হবে: Sykes Class Action Settlement, PO Box 3145, Portland, OR 97208-3145। আপনি www.sykesclassaction/claimsubmission-এ গিয়ে অনলাইনেও একটি দাবি জমা দিতে পারেন।

15. আমি কখন আমার অর্থ পাব?

আদালত 11 মে 2016 তারিখে সকাল 11 টায়, ইউএস ডিস্ট্রিক্ট কোর্ট ফর দ্য সাউদার্ণ ডিস্ট্রিক্ট অফ নিউ ইয়র্ক (U.S. District Court for the Southern District of New York), 40 Foley Square, New York, New York 10007 ঠিকানায় আদালতকক্ষ 519 এ একটি শুনানির আয়োজন করবে। ন্যায্যতা সংক্রান্ত শুনানি নামে পরিচিত- এই শুনানিটি- নিষ্পত্তিটিকে আদালতের অনুমোদন করা উচিত কিনা এই বিষয়ে আদালতকে যুক্তিতর্ক শোনার সুযোগ দেবে। আদালত যদি নিষ্পত্তিটিকে অনুমোদন করে, তাহলে আপত্তিকারীরা সেই অনুমোদনের বিরুদ্ধে আপীল করতে পারে। কোনো আপীল করা হবে কিনা, কিংবা যদি একটি আপীল

করা হয়, সেই ক্ষেত্রে আপীলটির মীমাংসা করতে কত দিন সময় লাগবে তা ভবিষ্যদ্বাণী করা সবসময়ই কঠিন। আপীলের মীমাংসা করতে সময় লাগতে পারে, এক বছরের বেশিও লাগতে পারে। নিষ্পত্তিটি চূড়ান্তরূপে অনুমোদিত না হওয়া পর্যন্ত কোনো অর্থপ্রদান করা হবে না। নিষ্পত্তিটির অনুমোদন চূড়ান্ত না হওয়া পর্যন্ত, LR Credit তার অধীনস্থ দেনাগুলিকে বাদীপক্ষ দ্বারা নির্বাচিত কোনো সত্তার কাছে হস্তান্তরও করবে না। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে ন্যায্যতা সংক্রান্ত শুনানির তারিখ পরিবর্তিত হতে পারে।

নিজেকে নিষ্পত্তির বাইরে রাখা

16. আমি কীভাবে আর্থিক নিষ্পত্তির বাইরে থাকতে পারি?

আপনি যদি আর্থিক নিষ্পত্তি থেকে অর্থ পেতে না চান, এবং আপনি আর্থিক ক্ষতির জন্য বিবাদীপক্ষের বিরুদ্ধে মামলা করা বা মামলা চালিয়ে যাওয়ার অধিকার বজায় রাখতে চান, সেই ক্ষেত্রে আপনি আর্থিক নিষ্পত্তিতে অংশ নিতে চান না, এই কথা আদালতকে জানানোর জন্য আপনাকে অবশ্যই পদক্ষেপ নিতে হবে। একে বলা হয় "নিজেকে বাইরে রাখা"। **আপনার যদি এমন কোনো মামলা অমীমাংসিত থাকে যেটিতে কোনো বিবাদী যুক্ত আছেন, সেই ক্ষেত্রে আপনার অবিলম্বে আপনার আইনজীবীর সঙ্গে কথা বলা উচিত, যাতে দেখা যায় যে এই নিষ্পত্তিটি আপনার অন্য মামলাকে প্রভাবিত করবে কিনা।**

নিজেকে আর্থিক নিষ্পত্তির বাইরে রাখার জন্য, আপনাকে অবশ্যই পরিচালককে একটি চিঠি পাঠাতে হবে যেখানে উল্লেখ করতে হবে যে আপনি *Sykes v. Mel Harris and Associates LLC*, No. 09 Civ. 8486 এর আর্থিক নিষ্পত্তির বাইরে থাকতে চান, এবং স্বীকার করতে হবে যে নিজেকে এর বাইরে রাখার ফলে আপনি আর্থিক নিষ্পত্তি থেকে কোনো অর্থ পাবেন না। আপনাকে আপনার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর ও স্বাক্ষর অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। নিজেকে বাইরে রাখার জন্য আপনার অনুরোধটি 14 এপ্রিল 2016 তারিখের আগে পরিচালকের দ্বারা গৃহীত হতে হবে, এবং এটিকে অবশ্যই নিচের ঠিকানায় ডাকযোগে পরিচালকের কাছে পাঠাতে হবে: Sykes Class Action Settlement, PO Box 3145, Portland, OR 97208-3145। আপনি যদি নিজেকে এর বাইরে রাখার অনুরোধ করেন, তাহলে **আপনি কোনো নিষ্পত্তির অর্থ পাবেন না**, এবং আপনি আর্থিক নিষ্পত্তিতে আপত্তি জানাতে পারবেন না।

17. আমি নিজেকে আর্থিক নিষ্পত্তির বাইরে রাখলে কী ঘটে?

আপনি যদি নিজেকে এর বাইরে রাখেন, তাহলে আপনি এই মামলা থেকে আর্থিক নিষ্পত্তির মাধ্যমে কোনো অর্থ পাবেন না।

তবে LR Credit এর হয়ে বিবাদীপক্ষের দেনার অর্থ সংগ্রহের কাজকর্মগুলির পরিপ্রেক্ষিতে তাদের থেকে ক্ষতিপূরণ চাওয়ার জন্য, আপনি নিজের খরচে আপনার নিজের মামলা করতে পারেন।

আপনার নিজের মামলা করার অধিকার রক্ষা করতে হলে, শুধু প্রদান করা অর্থ পাওয়ার জন্য দাবির ফর্মটি ফেরত না পাঠানোই যথেষ্ট নয়। আপনি সক্রিয়ভাবে নিজেকে এর বাইরে না রাখলে, আপনাকে সেই অধিকার ত্যাগ করতে হবে।

আপনি যদি নিজেকে আর্থিক নিষ্পত্তির বাইরে রাখেন, এমনকি তাহলেও আপনি (a) স্থগিতাদেশমূলক নিষ্পত্তিতে একজন ক্লাস মেম্বার হবেন এবং (b) স্থগিতাদেশমূলক ত্রাণের জন্য বিবাদীপক্ষের বিরুদ্ধে আরেকটি মামলা আনতে পারবেন না।

আপনার প্রতিনিধিত্বকারী আইনজীবী

18. আমার কি এই মামলায় কোনো আইনজীবী আছেন?

আদালত সিদ্ধান্ত নিয়েছে যে Emery Celli Brinckerhoff & Abady LLP, New Economy Project, ও MFY Legal Services, Inc. এর আইনজীবীরা আপনার এবং নিষ্পত্তিতে সব ক্লাস মেম্বারদের প্রতিনিধিত্ব করার

জন্য যোগ্যতাসম্পন্ন। এই আইনজীবীদের "ক্লাস কাউন্সেল" বলা হয়। এই আইনজীবীদের জন্য আপনার কাছে কোনো খরচ দাবি করা হবে না। একজন ক্লাস মেম্বার হিসেবে অংশ নেওয়ার জন্য আপনার নিজের আইনজীবীকে রেখে দেওয়ার প্রয়োজন নেই। আপনি যদি নিজের আইনজীবীকে দিয়ে প্রতিনিধিত্ব করাতে চান, তাহলে আপনি নিজের খরচে একজন আইনজীবী নিযুক্ত করতে পারেন।

19. আইনজীবীদের কীভাবে অর্থ দেওয়া হবে?

আজ পর্যন্ত, ক্লাস কাউন্সেল তাদের পরিষেবার জন্য কোনো অর্থ কিংবা বাদীপক্ষ ও ক্লাস মেম্বারদের দাবিগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কোনো খরচ পান নি। বাদীপক্ষ এবং ক্লাসের উপকারের জন্য এই মামলা লড়তে, ক্লাস কাউন্সেল উল্লেখযোগ্য সময় ও অর্থ ব্যয় করেছেন। ক্লাস কাউন্সেল তাদের ফী এবং নিজের পকেট থেকে হওয়া খরচের জন্য আদালতকে নিষ্পত্তির তহবিলের একটি অংশ থেকে অর্থ প্রদানের অনুরোধ করবেন, যে অংশটি নিষ্পত্তিত খরচ মেটানোর জন্য বরাদ্দ রাখা হয়েছে (প্রশ্ন 9 *দেখুন*)। আইনজীবীর ফী ও খরচগুলি পরিচালনার খরচ ও সার্ভিস অ্যাওয়ার্ড বিয়োগ করার পরে নিষ্পত্তির মোট তহবিলের (যার পরিমাণ নভেম্বর 2015-তে আনুমানিক $59 মিলিয়ন, তবে বাড়তে পারে) এক-তৃতীয়াংশের বেশি হবে না। আপনি যদি নিজের আইনজীবী নিয়োগ করার সিদ্ধান্ত নেন, তাহলে সেই আইনজীবীর ফী ও খরচের জন্য আপনি দায়ী থাকবেন।

নিষ্পত্তিতে আপত্তি জানানো

20. আমি কীভাবে আদালতকে জানাতে পারি যে আমি নিষ্পত্তিটি পছন্দ করছি না?

আপনি যদি একজন ক্লাস মেম্বার হন (এবং আর্থিক নিষ্পত্তি থেকে নিজেকে বাইরে না রাখেন), তাহলে নিষ্পত্তির যে অংশটি আপনার পছন্দ হয় নি সেটির ব্যাপারে আপনি আপত্তি জানাতে পারেন, এবং আপনার মতে আদালতের কেন নিষ্পত্তিটি অনুমোদন করা উচিত নয় সেই কারণগুলি আপনি জানাতে পারেন। আপনি যদি নিজেকে আর্থিক নিষ্পত্তির বাইরে রাখেন, তাহলেও আপনি চাইলে, স্থগিতাদেশমূলক নিষ্পত্তিতে আপত্তি জানাতে পারেন। আদালত নিষ্পত্তিটি পরিবর্তন করতে পারে না; এটিকে শুধুমাত্র অনুমোদন করতে বা না করতে পারে। আপত্তি জানানোর জন্য আপনাকে অবশ্যই একটি চিঠি পাঠাতে হবে, যেখানে নিচের বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করতে হবে: (a) আপনার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, ও ইমেল ঠিকানা, যদি আপনার তা থাকে; (b) আপনার *Sykes v. Mel Harris and Associates LLC*, No. 09 Civ. 8486 এর নিষ্পত্তিতে আপত্তি আছে সেই কথা জানিয়ে একটি বিবৃতি; (c) আপনার আপত্তির কারণগুলি; (d) আপনি ন্যায্যতা সংক্রান্ত শুনানিতে বক্তব্য রাখতে চান কিনা (প্রশ্ন 24 *দেখুন*); এবং (e) আপনার স্বাক্ষর। আপত্তিটি পরিচালকের কাছে এখানে ডাকযোগে পাঠান: Sykes Class Action Settlement, PO Box 3145, Portland, OR 97208-3145। পরিচালককে আপনার আপত্তিটি অবশ্যই 14 এপ্রিল 2016 এর মধ্যে পেতে হবে। পরিচালক এটিকে আদালতে জমা দেওয়া এবং ক্লাস কাউন্সেল ও বিবাদীপক্ষের কাউন্সেলকে সেটি প্রদান করার দায়িত্ব নেবেন।

21. আপত্তি জানানো এবং নিজেকে নিষ্পত্তির বাইরে রাখার মধ্যে পার্থক্য কী?

আপত্তি জানানো বলতে বোঝায় শুধু আদালতকে বলা যে আপনি নিষ্পত্তিটির কোনোকিছু পছন্দ করছেন না। আপত্তি জানানোর জন্য আপনাকে একজন ক্লাস মেম্বার হতে হবে। নিজেকে নিষ্পত্তির বাইরে রাখা বলতে বোঝায় আদালতকে জানানো যে আপনি ক্লাস মেম্বার হতে চান না। আপনি যদি নিজেকে আর্থিক নিষ্পত্তির বাইরে রাখতে চান, তাহলে আপনি আর্থিক ক্ষতিপূরণের জন্য বিবাদীপক্ষের বিরুদ্ধে আপনার নিজস্ব দাবি জমা দিতে পারেন।

প্রশ্ন 17-এ যেমন আলোচনা করা হয়েছে, সেই অনুসারে আপনি নিজেকে স্থগিতাদেশমূলক নিষ্পত্তির বাইরে রাখতে পারেন না।

আদালতের ন্যায্যতা সংক্রান্ত শুনানি

22. নিষ্পত্তিটি অনুমোদন করা হবে কিনা সেই সিদ্ধান্তটি আদালত কখন এবং কোথায় নেবে?

নিষ্পত্তিটি অনুমোদন করা হবে কিনা সেই সিদ্ধান্তটি নেওয়ার জন্য আদালত 11 মে 2016 তারিখে সকাল 11 টায়, ইউনাইটেড স্টেটস ডিস্ট্রিক্ট কোর্ট ফর দ্য সাউদার্ণ ডিস্ট্রিক্ট অফ নিউ ইয়র্ক (United States District Court for the Southern District of New York), 40 Foley Square, New York, New York ঠিকানায় আদালতকক্ষ 519 এ একটি ন্যায্যতা সংক্রান্ত শুনানি আয়োজন করবে।

এই শুনানিতে আদালত বিবেচনা করবে যে নিষ্পত্তিটি ন্যায্য, যুক্তিসঙ্গত ও পর্যাপ্ত কিনা। যদি কোনো আপত্তি থাকে, তাহলে আদালত সেগুলি বিবেচনা করবে। যে সব লোকেরা শুনানিতে বক্তব্য রাখার জন্য লিখিতভাবে অনুরোধ করেছেন, আদালত তাদের কথা শুনবে। ক্লাস কাউন্সেলকে কত অর্থ দেওয়া হবে, আদালত তাও স্থির করতে পারে। শুনানির পরে, আদালত সিদ্ধান্ত নেবে যে নিষ্পত্তিটি অনুমোদন করা হবে কিনা। আমরা জানি না যে আদালত এর সিদ্ধান্তে পৌঁছতে কত সময় নেবে।

অনুগ্রহ করে মনে রাখুন: ন্যায্যতা সংক্রান্ত শুনানির তারিখ পরিবর্তিত হতে পারে। আপনি (বা আপনার পক্ষে কথা বলার জন্য আপনার দ্বারা নিযুক্ত কাউন্সেল) যদি ন্যায্যতা সংক্রান্ত শুনানিতে হাজির থাকার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার উচিত www.sykesclassaction.com এ গিয়ে তারিখটি দু'বার ভাল করে যাচাই করে নেওয়া।

23. আমাকে কি শুনানিতে আসতেই হবে?

না। আদালতের যে সব প্রশ্ন থাকতে পারে, ক্লাস কাউন্সেল তার উত্তর দেবেন। আপনি যদি একটি আপত্তি পাঠান, তাহলে সেই বিষয়ে কথা বলার জন্য আপনাকে আদালতে আসতে হবে না, তবে আপনি চাইলে আসতে পারেন। আপনি যদি আপনার লিখিত আপত্তিটি ডাকযোগে যথাসময়ে পরিচালকের কাছে পাঠিয়ে থাকেন, তাহলে আদালত এটি বিবেচনা করবে, আপনি শুনানিতে উপস্থিত থাকুন বা না থাকুন। আপনি আপনার নিজের আইনজীবীকেও উপস্থিত থাকার জন্য অর্থপ্রদান করতে পারেন, তবে তা প্রয়োজনীয় নয়।

24. আমি কি শুনানিতে বক্তব্য রাখতে পারি?

হ্যাঁ। ন্যায্যতা সংক্রান্ত শুনানিতে বক্তব্য রাখার জন্য, আপনাকে অবশ্যই পরিচালককে একটি চিঠি পাঠাতে হবে এই ঠিকানায়: Sykes Class Action Settlement, PO Box 3145, Portland, OR 97208-3145 যেখানে উল্লেখ করতে হবে যে আপনি *Sykes v. Mel Harris and Associates LLC*, No. 09 Civ. 8486 হিসেবে পরিচিত। আপনার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, আপনার স্বাক্ষর এবং আপনি কী বিষয়ে কথা বলতে চান তা অবশ্যই অন্তর্ভুক্ত করুন। শুনানিতে বক্তব্য রাখার জন্য আপনার ইচ্ছার কথা জানিয়ে আপনার লেখা চিঠিটি অবশ্যই 14 এপ্রিল 2016 তারিখের মধ্যে পরিচালকের দ্বারা গৃহীত হতে হবে।

আপনি যদি চান, শুনানিতে আপনার হয়ে বক্তব্য রাখার জন্য আপনি একজন অ্যাটর্নি রাখতে পারেন (আপনার নিজের খরচে)। আপনি যদি শুনানিতে আপনার হয়ে বক্তব্য রাখার জন্য একজন অ্যাটর্নি নিয়োগ করে থাকেন, তাহলে আপনার অ্যাটর্নিকে আদালতকে এবং কাউন্সেল অফ রেকর্ডকে অবহিত করতে হবে যে তিনি আপনার তরফে প্রতিনিধিত্ব করতে আদালতে প্রবেশ করছেন। আপনার কাউন্সেলের ফাইলিং-টি আদালত ও কাউন্সেলের দ্বারা 14 এপ্রিল 2016 তারিখের আগে গৃহীত হতে হবে।

আরো তথ্য পাওয়া

25. নিষ্পত্তি এবং মামলাটির সম্পর্কে আরো বিশদ তথ্য আছে কি?

এই বিজ্ঞপ্তিটি প্রস্তাবিত নিষ্পত্তির সারসংক্ষেপ প্রদান করে। আরো বিশদ তথ্য আছে নিষ্পত্তি চুক্তিতে, এবং www.sykesclassaction.com-এ। আপনার যদি এই বিজ্ঞপ্তি বা নিষ্পত্তিটির বিষয়ে কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার উচিত (877) 868-0034 নম্বরে পরিচালকের সঙ্গে যোগাযোগ করা।

প্রশ্ন আছে? (877) 868-0034 নম্বরে ফোন করুন অথবা www.sykesclassaction.com দেখুন